

আমি তোমার প্ৰেমে হব সবার কলঙ্কভাগী ।
আমি সকল দাগে হব দাগি ॥
তোমার পথের কাঁটা করব চয়ন, যেথা তোমার ধুলার শয়ন
সেথা আঁচল পাতব আমার— তোমার রাগে অনুরাগী ॥
আমি শুচি-আসন টেনে টেনে বেড়াব না বিধান মেনে,
যে পক্ষে ওই চরণ পড়ে তাহারি ছাপ বক্ষে মাগি ॥

Parjaay: Prem, Taal: Dadra, Raag: Bhairavi
Visit www.geetabitan.com for notation and other detail